গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/এ শেখ সাহেব বাজার রোড,আজিমপুর, ঢাকা-১২০৫
www.niport.gov.bd

নং. ৫৯.১২.০০০০.০০১.৩১.৬৫৬.২০২০-১০০০ তারিখঃ ৫ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ১৫তম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : সুশান্ত কুমার সাহা, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, নিপোর্ট , ঢাকা।
সভার তারিখ ও সময় : ৩০ সেপ্টেম্বর , ২০২০ খ্রি. সকাল ১০.৩০ টা
সভার স্থান : নিপোর্ট , অডিটোরিয়াম ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) গত ২৩.০১.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৪তম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। অতঃপর ত্রৈমাসিক সমন্বয় সভায় আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ	বিগত ২৩.০১. ২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়।	বিগত ২৩.০১. ২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত ১৪তম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হলো।	পরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ/গবেষণা) এবং উপপরিচালক (প্রশাসন), নিপোর্ট
২	২০২০-২১ অর্থ বছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের উপর কোড ভিত্তিক আলোচনা	নিপোর্ট এবং এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ২০২০-২১ অর্থ বছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের সেপ্টেম্বর ২০২০ খ্রি. মাস পর্যন্ত ব্যয় নিয়ে আলোচনা হয়। এছাড়া ২০২০-২১ অর্থ বছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা সম্পর্কে আলোচনা হয়।	(১) অর্থ বছরের শুরু থেকেই শতভাগ বাজেট ব্যয়ের বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে। (২)মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আগামী ৩১শে মার্চ ২০২১ খ্রি. তারিখের মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনার শর্ত মোতাবেক সকল প্রকার ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ/ গবেষণা)
৩	অকেজো গাড়ি দরপত্রের মাধ্যমে বিক্রি সংক্রান্ত আলোচনা	উপপরিচালক (প্রশাসন) জানান যে, নিপোর্টের অকেজো গাড়ি এবং অব্যবহৃত মালামাল বিক্রি/বিনষ্টকরণ কমিটির সিদ্ধান্ত মোতাবেক ১টি গাড়ির নিলাম কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া ৩টি গাড়ির দর পুনঃনির্ধারণের জন্য বিআরটিএতে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া কাগজপত্র বিহীন জাস/সাস নম্বর প্লেট সম্বলিত ০৭টি গাড়ি ভাঙ্গাড়ি হিসাবে নিলামে বিক্রয়ের বিষয়ে বিআরটিএর মতামতের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। কোন মতামত পাওয়া যায়নি বিআরটিএতে পুনরায় পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	(১) ৩টি গাড়ির দর বিআরটিএ থেকে পুনঃনির্ধারণ হয়ে আসার পর দ্রুত নিলাম কার্যক্রম শুরু করতে হবে। (২) কাগজপত্র বিহীন জাস/সাস নম্বর প্লেট সম্বলিত ০৭টি গাড়ি ভাংগাড়ি হিসাবে বিক্রয়ের বিষয়ে মতামতের জন্য বিআরটিএতে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৪	মন্ত্রণালয়ে মাসিক রিপোর্ট প্রেরণ ও পেন্ডিং বিষয় সংক্রান্ত।	প্রতি মাসের মাসিক কর্মকান্ডের প্রতিবেদন, প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন, শূণ্য পদ পূরণে কর্মপরিকল্পনা, অনিষ্পন্ন বিষয়াদি (মন্ত্রণালয়ে) বিষয়ে প্রতিবেদন, পেন্ডিং পেনশন বিষয়ে প্রতিবেদন এবং অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক ছক মোতাবেক মন্ত্রণালয়ের চাহিত প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	পরিচলক (প্রশাসন)/ প্রশিক্ষণ/গবেষণা) অধ্যক্ষ (সকল)/ প্রশিক্ষণকর্মকর্তা (সকল)
৫	মাঠ পর্যায়ে নির্মাণ কাজ সংক্রান্ত আলোচনা	(১) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রতিনিধি জানান যে, নিপোর্টের নতুন ভবন নির্মাণের জন্য ০৫.০৮.২০২০ খ্রি. তারিখে কার্যাদেশ দেয়া হয়েছে। আগামী দুই বছরের মধ্যে কাজ শেষ করতে হবে। এ বিষয়ে পরিচালক (প্রশাসন) বলেন, আগামী সপ্তাহের মধ্যে নিপোর্ট পুরাতন ভবন অপসারণ করার টেন্ডার বিজ্ঞপ্তি পত্রিকায় দেয়া হবে। মহাপরিচালক, নিপোর্ট স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রতিনিধিদের নির্মিতব্য নিপোর্ট ভবনের Structural Design, Estimate এবং Building এর Drawing পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ জানান।	(১) নিপোর্টের নির্মিতব্য নতুন ভবনের Structural Design, Estimate এবং Building এর Drawing পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। (২) পুরাতন ভবন ভাঙ্গার নিমিত্ত বিজ্ঞপ্তি শিঘ্রই প্রকাশ করতে হবে।	প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা পরিচালক (প্রশাসন)
		(২) প্রশিক্ষণ কর্মকর্তা, আরটিসি, ঈশ্বরগঞ্জ জানান যে, নতুনভাবে ময়মনসিংহে আরপিটিআই নির্মাণের জন্য ০২ (দুই) একর জায়গা নির্ধারণ করা হয়েছে এবং আরপিটিআই, ময়মনসিহ এর ভূমি অধি গ্রহণের পূর্ণাঙ্গ প্রস্তাব দেয়ার জন্য ভূমি অধিগ্রহণ কর্মকর্তা কর্তৃক নির্বাহী প্রকৌশলী এইচইডি, ময়মনসিংহকে পত্র দেয়া হয়েছে।	(৩) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের স্থানীয় প্রতিনিধির সাথে সমন্বয় রেখে জমি অধিগ্রহণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	(১) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা (২) প্রশিক্ষণ কর্মকর্তা,আরটিসি, ঈশ্বরগঞ্জ।
		(৩) কাজীপুর আরপিটিআই নির্মাণ বিষয়ে আলোচনা করা হয়। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, কাজীপুর আরপিটিআই নির্মাণ কাজের অগ্রগতি হার শতকরা ৮০ ভাগ । মহাপরিচালক, নিপোর্ট কাজের গুনগত মান বজায় রেখে নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতি অনুরোধ জানান।	(৪)অধ্যক্ষ, আরপিটিআই, বগুড়া, সিরাজগঞ্জ এর কাজীপুরে আরপিটিআই এর নির্মাণ কাজের তদারকি করবেন।	অধ্যক্ষ, আরপিটিআই, বগুড়া
		(৪) এছাড়া কাজীপুর আরপিটিআই'র জনবল সৃষ্টি প্রস্তাবের প্রেক্ষিতে সর্বশেষ অবস্থা কি সে বিষয়ে আলোচনা হয়।	(৫) কাজীপুর আরপিটিআই'র জনবল সৃষ্টির বিষয়ে মন্ত্রণালয়কে পুনঃ অনুরোধ জানাতে হবে।	পরিচালক (প্রশাসন)
		(৫) আরপিটিআই , মানিকগঞ্জ এর নব নির্মিত ভবন উদ্বোধন উপলক্ষ্যে সভায় মহাপরিচালক, নিপোর্ট জানান যে, ১০.১০.২০২০ খ্রি. তারিখ বেলা ৩.০০ টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক এম.পি শুভ উদ্বোধন করবেন। ভব্নসমূহ দেখাশুনা করার জন্য জনবলের	(৬) মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক এম.পি কর্তৃক মানিকগঞ্জ আরপিটিআই এর শুভ উদ্বোধন উপলক্ষ্যে নব নির্মিত ভবন এইচইডি এর নিকট থেকে বুঝে নেয়াসহ শুভ উদ্বোধন এর প্রস্তুতি গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন/ প্রশিক্ষণ / গবেষণা), নিপোর্ট , প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এবং প্রশিক্ষণ কর্মকর্তা, আরটিসি, ধামরাই।